গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. মোঃ জিয়াউদ্দীন, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ।
তারিখ ও সময় : ১৬ অক্টোবর ২০২৪ খ্রিঃ ও বেলা ৩:০০ টা
স্থান : মন্ত্রণালয় সভাকক্ষ (কক্ষ # ৩৩২, ভবন # ৩)
আয়োজনে : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে বলেন, টেকসই উন্নয়ন অভীষ্টগুলোতে পৌছাতে হলে মাঠ পর্যায়সহ দেশের সকল স্তরের প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব অপরিসীম। তিনি আরো জানান যে, মন্ত্রিপরিষদ কর্তৃক প্রণীত বার্ষিক ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগের কার্যক্রম গ্রহণ করতে হবে। তিনি ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ইনোভেশন টিমের কার্যপরিধি অনুসরণ করে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বলেন। সভাপতি ইনোভেশন টিমের সদস্য সচিব সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২. সভার আলোচ্য সূচি
ক) ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
খ) বিবিধ

০৩. সভায় নিম্নরুপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনার বিষয় | সুপারিশ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **ক) ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়ন অগ্রগতি :** সভায় স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের চলতি অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**[১] ই-গভর্নেন্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ :**<br>[১.১.১] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন: সভায় ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ মোতাবেক একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-৪) জানান যে, ইতোপূর্বে ১৫/১০/২০২৪ তারিখে ইনোভেশন সম্পর্কিত তথ্য চেয়ে বিভিন্ন শাখায় চিঠি প্রেরণ করা হয়েছে। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখাকে সংশ্লিষ্ট ইনোভেশন সম্পর্কিত তথ্য (যদি থাকে) আগামী ৩০/১১/২০২৫ তারিখের মধ্যে প্রশাসন-৪ শাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন।<br><br>স্বাস্থ্য অর্থনীতি ইউনিট কর্তৃক অবহিত করা হয় যে, এ ইউনিট ড্রপ বক্স নামক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছে। মন্ত্রণালয়ের | ক) স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখা সংশ্লিষ্ট ইনোভেশন সম্পর্কিত তথ্য (যদি থাকে) আগামী ৩০/১১/২০২৫ তারিখের মধ্যে প্রশাসন-৪ শাখায় প্রেরণ করবে।<br><br>খ) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে উদ্ভাবনী উদ্যোগসমূহ কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করতে হবে। | সকল শাখা অধিশাখা/ প্রশাসন-৪<br><br>ও<br><br>সকল অধিদপ্তর/ দপ্তর/সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| | অধীন বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার বিষয়ভিত্তিক গবেষণা স্টাডি/সমীক্ষা/জরীপ এই ড্রপবক্সে রাখা হবে। এটি ডাটাবেজের কাজ করবে। গবেষণা কার্যক্রমের দ্বৈততা পরিহার এবং আর্থিক সাশ্রয় হবে।<br><br>ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অবহিত করা হয় যে, ওপেন রিম নামক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পূর্বে ঔষধের বিরুপ প্রতিক্রিয়ার রিপোটগুলো ম্যানুয়ালি করা হতো। এখন অ্যাপসের মাধ্যমে করা হবে। এটির বর্তমানে পাইলটিং চলছে।<br><br>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অবহিত করা হয়, ঠিকাদারদের লাইসেন্স নবায়ন অনলাইনে করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে ঠিকাদারদের লাইসেন্স নবায়ন করার ভোগান্তি দূর হবে।<br><br>নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক অবহিত করা হয়, নার্স ও মিডওয়াইফারদের বদলি অনলাইনের করার পাইলটিং চলছে।<br><br>নিমিউ এন্ড টিসি কর্তৃক অবহিত করা হয়, হাসপাতালের বিভিন্ন যন্ত্রপাতি মেরামতের রিকুজেশন অনলাইনে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br><br>এসেন্সিয়াল ড্রাগ কোম্পানি লিমিটেড কর্তৃক অবহিত করা হয়, স্মার্ট রিকুইজেশন সিস্টেম অ্যাপস তৈরি করা হচ্ছে।<br><br>সভাপতি সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে উদ্ভাবনী উদ্যোগসমূহ কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করতে নির্দেশনা প্রদান করেন। | | |
| | **[১.২.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখা:** সিনিয়র সচিব (প্রশাসন-৪) সভাকে অবহিত করেন যে, স্বাস্থ্য সেবা বিভাগের ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত ৫টি সেবায় চালু রয়েছে। তবে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মতে সেবাসহজীকরণের নিমিত্ত প্রস্তুতকৃত অনলাইন সফট্ওয়্যারগুলো .gov.bd ডোমেইনে হোস্টিং করতে হবে এবং স্বাস্থ্য অধিদপ্তরের সার্ভারে রাখতে হবে। সভাপতি অনলাইন সফট্ওয়্যারগুলো .gov.bd ডোমেইনে হোস্টিংপূর্বক স্বাস্থ্য অধিদপ্তরের সার্ভারে রাখতে নির্দেশনা প্রদান করেন। | গ) ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>ঘ) অনলাইন সফট্ওয়্যারগুলো .gov.bd ডোমেইনে হোস্টিংপূর্বক স্বাস্থ্য অধিদপ্তরের সার্ভারে রাখতে হবে। | |
| | [১.৩] ইনোভেশন শোকেজিংঃ স্বাস্থ্য সেবা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসসমূহের অংশগ্রহণে ২২.০৫.২০২৫ তারিখের পূর্বে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজনপূর্বক শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। সভাপতি এপ্রিল/২০২৫ মাসের প্রথম সপ্তাহে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে শোকেজিং এর একটি প্রস্তুতিমূলক সভা আয়োজন করতে বলেন। | ঙ) এপ্রিল/২০২৫ মাসের প্রথম সপ্তাহে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে শোকেজিং এর একটি প্রস্তুতিমূলক সভা আয়োজন করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | [১.৪] ই-ফাইলের ব্যবহার বৃদ্ধি: ই-ফাইলের ব্যবহার বৃদ্ধিকরণের বিষয়ে বিষদ আলোচনা করা হয়। সভাপতি কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক ই-ফাইলে নোট নিষ্পত্তির হার ১০০% করার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ ও এর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তরকে সচেষ্ট হতে বলেন। তিনি প্রমাপ অর্জনে ব্যর্থদের প্রয়োজনে কারণ দর্শানোর নোটিশ প্রদানের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি সকল অধিদপ্তর/দপ্তরের সাথে পৃথক পৃথক সভা করে ই-ফাইলে নোট নিষ্পত্তির হার বৃদ্ধির উপায় বের করতে নির্দেশনা প্রদান করেন।<br><br>[১.৫.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিতঃ চলতি অর্থবছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ২টি কর্মশালা আয়োজন করতে হবে। আগামী নভেম্বর/২০২৪ মাসে ১ম কর্মশালাটির আয়োজন করতে হবে।<br><br>[১.৫.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ন্যূনতম একটি কুইক-উইন উদ্যোগ বাস্তবায়িতঃ সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-৪) সভাকে জানান যে, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।<br>সভাপতি প্রণয়নকৃত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ন্যূনতম একটি কুইক-উইন উদ্যোগ বাস্তবায়িত করতে সকলকে অনুরোধ জানান। | চ) কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক ই-ফাইলিংয়ে নথি নিষ্পত্তির হার ১০০% করার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ ও এর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তরকে সচেষ্ট হতে হবে।<br><br>ছ) প্রমাপ অর্জনে ব্যর্থদের কারণ দর্শানোর নোটিশ দিতে হবে।<br><br>জ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ১ম কর্মশালাটি নভেম্বর, ২০২৪ মাসের মধ্যে আয়োজন করতে হবে।<br><br>ঝ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে। | |
| ৩.২ | **[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি**<br>[২.১.১] নিজ তথ্য বাতায়ন সর্বশেষ জারিকৃত গাইডলাইন অনুযায়ী পুনঃবিন্যস্তকৃতঃ সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-৪) জারিকৃত গাইডলাইন অনুযায়ী তথ্য বাতায়ন পুনঃবিন্যস্ত করা হয়েছে মর্মে সভাকে অভিহিত করেন।<br><br>[২.১.২] নিজ তথ্য বাতায়ন হালনাগাদকৃতঃ সভায় তথ্য বাতায়ন হালনাগাদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-৪) ত্রৈমাসিকভিত্তিতে তথ্য বাতায়নের প্রতিবেদন তৈরি করতে এবং কোন তথ্য আপলোড করার সাথে সাথে স্ক্রিনশট নিতে বলেন। সেই সাথে তিনি বিভিন্ন সেবা বক্সের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট এবং আপিলকারী কর্তৃপক্ষের নাম, মোবাইল নং ও ই-মেইল এড্রেস হালনাগাদ করতে পরামর্শ দেন। এছাড়া, তিনি বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে বলেন।<br>সভাপতি তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ করার উপর জোর দেন।<br><br>[২.১.৩] আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণঃ স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটের মেইন মেনুর আওতাধীন সাবমেনুসমূহঃ সেবা বক্সের সকল লিংক ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট এবং আপিলকারী কর্তৃপক্ষের নাম, মোবাইল নং ও ই-মেইল এড্রেস ইত্যাদি তথ্য তাৎক্ষণিক হালনাগাদকরণ নিশ্চিতকরণ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করতে হবে। | ক) ত্রৈমাসিকভিত্তিতে তথ্য বাতায়নের প্রতিবেদন তৈরি এবং কোন তথ্য আপলোড করার সাথে সাথে স্ক্রিনশট নিতে হবে।<br><br>খ) সেবা বক্সের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট এবং আপিলকারী কর্তৃপক্ষের নাম, মোবাইল নং ও ই-মেইল এড্রেস হালনাগাদ করতে হবে।<br><br>গ) বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।<br><br>ঘ) সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট হালনাগাদকরণ নিশ্চিতকরণ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করতে হবে। | প্রশাসন-৪/ কম্পিউটা সেল ও সকল অধিদপ্তর দপ্তর/সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিতঃ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) জানান যে, গত আগস্ট/২০২৪ মাসে ইনোভেশন সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। সভাপতি সকল অধিদপ্তর/দপ্তরকে নভেম্বর/২০২৪ মাসের মধ্যে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে বলেন। | ঙ) সকল অধিদপ্তর/দপ্তরকে নভেম্বর/২০২৪ মাসের মধ্যে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | |
| | [২.২.২] আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতঃ সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-৪) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে আগামী ১৫.০১.২০২৫ তারিখের মধ্যে অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে। স্বাস্থ্য সেবা বিভাগ উক্ত প্রতিবেদনগুলোর পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন আগামী ৩১.০১.২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | চ) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে আগামী ১৫.০১.২০২৫ তারিখের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>ছ) স্বাস্থ্য সেবা বিভাগ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক আগামী ৩১.০১.২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। | |
| | [২.২.৩] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন অনুষ্ঠানঃ সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-৪) জানান যে, কর্মপরিকল্পনা মোতাবেক ২৮.০২.২০২৫ তারিখের মধ্যে কর্মসংশ্লিষ্ট দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন করতে হবে। | জ) আগামী ২৮.০২.২০২৫ তারিখের মধ্যে কর্মসংশ্লিষ্ট দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন করতে হবে। | |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় গৃহীত সিদ্ধান্ত এবং করণীয় বিষয়সমূহ যথাসময়ে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৬.১১.২০২৪
ড. মোঃ জিয়াউদ্দীন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫.০০.০০০০.১৪৩.০০১.২০২৪- ৬৩২
তারিখ: ০৭/১১/২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, তোপখানা রোড, ঢাকা
৩. যুগ্মসচিব (স্বাস্থ্য-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৪. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।
৬. ইনোভেশন অফিসার/ইনোভেশন ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৭. ইনোভেশন অফিসার/ ইনোভেশন ফোকাল পয়েন্ট,, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার/ইনোভেশন ফোকাল পয়েন্ট, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা

৯. ইনোভেশন অফিসার/ইনোভেশন ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা
১০. ইনোভেশন অফিসার/ইনোভেশন ফোকাল পয়েন্ট,স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
১১. ইনোভেশন অফিসার/ইনোভেশন ফোকাল পয়েন্ট, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১২. ইনোভেশন অফিসার/ইনোভেশন ফোকাল পয়েন্ট, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা
১৩. ইনোভেশন অফিসার, ইনোভেশন ফোকাল পয়েন্ট, টেমো, মহাখালী, ঢাকা
১৪. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
১৫. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১৬. ব্যবস্থাপনা পরিচালক, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা
১৭. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

০৭/১১/২৪

(খন্দকার রবিউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৯৫৭৯৮৯
ই-মেইল:monitor@hsd.gov.bd